

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
বাজেট অধিশাখা
www.powerdivision.gov.bd

নং- ২৭.০০.০০০০.০৯১.১৬.০০৬.১৫(অংশ-১). ২৫৬

তারিখ-০৭/০৩/২০১৭।

বিষয়ঃ পারফরমেন্স অডিট করার লক্ষ্যে Infrastructure Investment Facilitation Company (IIFC)'র অন্তর্বর্তী প্রতিবেদনের (Interim Report) ওপর মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : রহমত উল্লাহ মোঃ দস্তগীর এনডিসি
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও রিনিউয়েবল এনার্জি)
বিদ্যুৎ বিভাগ।

সভার তারিখ : ১৬/০২/২০১৭।

সময় : বেলা ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন দেশের উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান অনস্বীকার্য। ২০১৫-১৬ অর্থবছরে দেশের সমগ্র উন্নয়ন বাজেটের প্রায় ১৩ শতাংশ বিদ্যুৎ খাতে ব্যয় হয়। এ প্রসঙ্গে তিনি বলেন যে, বিদ্যুৎ বিভাগ ও নিরীক্ষা অধিদপ্তরের মধ্যে অভিজ্ঞতা ও কারিগরি জ্ঞানের অভাবে সৃষ্ট অডিট আপত্তিগুলো নিষ্পত্তি ও নিরীক্ষার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে 'বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের অবদান ও নিরীক্ষার সম্পূর্ণ ভূমিকা' শীর্ষক একটি কর্মশালা ২৫ জানুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। তিনি বলেন যেখানে প্রচুর অর্থ ব্যয় হয় সেখানে আর্থিক বিধি-বিধান প্রতিপালনের ক্ষেত্রে ভুল হতেই পারে। বিদ্যুৎ খাত মূলত বিশেষায়িত (Highly technical) বিধায় অনেক ক্ষেত্রে নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের কারিগরি জ্ঞানের অভাবে ত্রুটিপূর্ণ আপত্তি উত্থাপিত হয়। এক্ষেত্রে নিরীক্ষা অধিদপ্তর চাইলে তাঁদের কর্মকর্তাদের জন্য বিদ্যুৎকেন্দ্র পরিদর্শন/প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। একইসঙ্গে তিনি বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের FIMA (Financial Management Academy) থেকে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন যাতে ভবিষ্যতে অডিট আপত্তি নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধি পায়। সভাপতি তাঁর বক্তব্যে বিদ্যমান বিদ্যুৎ আইনের আধুনিকীকরণসহ গতিশীলতা আনয়নের লক্ষ্যে সুপারিশসমূহ অন্তর্বর্তী প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেন। তিনি বলেন যে, Infrastructure Investment Facilitation Company (IIFC)-এর মাধ্যমে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ৩টি সংস্থা যথা- সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, কুমিল্লা এস এন্ড ডি-১ ও National Load dispatch Centre (NLDC)-এর ২০১৫-১৬ অর্থবছরের পারফরমেন্স অডিট করা হয়েছে। তিনি ২০১৫-১৬ অর্থবছরের পারফরমেন্স অডিট সংক্রান্ত অন্তর্বর্তী প্রতিবেদনের ওপর পাওয়ার পয়েন্ট উপস্থাপনার জন্য IIFC-এর প্রতিনিধি জনাব নজরুল ইসলামকে অনুরোধ জানান।

৩। IIFC-এর প্রতিনিধি জনাব নজরুল ইসলাম অডিটকৃত ৩টি প্রতিষ্ঠানের বিষয়ে ধারাবাহিকভাবে তথ্য-উপাত্ত তুলে ধরেন। তিনি অডিটকৃত ৩টি প্রতিষ্ঠানের পারফরমেন্স অডিট সংক্রান্ত তথ্যাবলি, SAIDI, SAIFI,

২

Collection Input Ratio, Collection Efficiency Ratio প্রভৃতি বিষয়ে আলোকপাত করেন। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে সিস্টেম লসের পরিমাণ বেশি উল্লেখ করে তিনি জানান যে, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড উভয় প্রতিষ্ঠান একই ফিডারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করছে বিধায় একটি ফিডারের সিস্টেম লস বেশি হচ্ছে। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ প্রতি ইউনিটে ১৯ পয়সা লস দিচ্ছে। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ সিস্টেম লস বেশী বলে উপস্থাপনায় এ বিষয়টি পর্যালোচনা করা হয়।

৪। সভায় বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক মোঃ আবুল কাশেম, বলেন যে, পারফরমেন্স অডিটে ToR থাকা প্রয়োজন। এ সকল বিষয় অন্তর্বর্তী প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান।

৫। সভায় যুগ্মসচিব (বাজেট) জনাব আব্দুল হালিম IIFC-এর অন্তর্বর্তী প্রতিবেদনের বিষয়ে বলেন এ ধরনের কার্যক্রমের ফলে সংস্থাগুলোর জবাবদিহি নিশ্চিত হবে এবং কর্মে গতিশীলতা বৃদ্ধি পাবে।

৬। পাওয়ার সেল-এর মহাপরিচালক জনাব মোহাম্মদ হোসাইন অন্তর্বর্তী প্রতিবেদনে অডিটকৃত ৩টি প্রতিষ্ঠানের সমস্যাসমূহ সঠিকভাবে চিহ্নিত করে তা সমাধানের ওপর গুরুত্বারোপ করেন। তিনি সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মতো কুমিল্লা এস এন্ড ডি-১ থেকে SAIDI, SAIFI-এর মাস ভিত্তিক তথ্য সংগ্রহ করার পরামর্শ দেন।

৭। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পাওয়ার সেল নিয়ন্ত্রক খালেদা ইয়াসমিন জানান পল্লী বিদ্যুৎ সমিতির Cost বেড়ে গেছে। ফলে রিটার্ন কম আসছে। যার ফলে সিস্টেম লস বৃদ্ধি পেয়েছে।

৮। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পরিচালক (সিস্টেম অপারেশন) প্রকৌশলী অঞ্জন কান্তি দাস বলেন পল্লী বিদ্যুৎ সমিতিগুলোতে Operation, Overhead, Maintenance, Irrigation Cost বেড়ে গেছে কারণ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সিলেট ও সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ একই ফিডার থেকে বিদ্যুৎ সরবরাহ করে।

৯। ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক মোঃ শফিকউদ্দিন IIFC-কে অডিটকৃত এলাকার সাবস্টেশনসমূহের ডাটা সঠিকভাবে উপস্থাপনের পরামর্শ দেন এবং condition monitoring-এর ওপর গুরুত্বারোপ করেন।

১০। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিচালক মোঃ মিজানুর রহমান বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সিস্টেম লসের বিষয়ে ডাটাসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ করার বিষয়ে উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

১১। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের জেনারেল ম্যানেজার মোঃ কাউছার আলী অন্তর্বর্তী রিপোর্টে ফোর্স শাট-ডাউন এর বিষয়টি উল্লেখ করার জন্য IIFC-কে অনুরোধ জানান। তিনি বিউবো প্রণীত merit order অনুযায়ী এনএলডিসি economic dispatch করে কি না যাচাই করার জন্য নিরীক্ষাকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করেন।

সমাপনি বক্তব্যে সভাপতি বলেন বাংলাদেশের বিদ্যুৎ নিয়ে এখন ইতিবাচক আলোচনা হয়। বিদ্যুৎ এখন আর কোন সমস্যা নয়। বাসাবাড়ী ও ইন্ডাস্ট্রিতে সরকার কত দিনের মধ্যে বিদ্যুৎ সরবরাহ করবে সে বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে। পূর্বের তুলনায় বর্তমানে বিদ্যুৎ ব্যবস্থার অভূতপূর্ব উন্নতি হয়েছে। অডিটকৃত দুটি সংস্থার অধিক্ষেত্রে জনগোষ্ঠীর কত শতাংশ বিদ্যুৎ সুবিধার আওতায় আসল তা নিরূপণ করার জন্য সভার মাধ্যমে IIFC-কে তিনি অনুরোধ জানান।

২

১২। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) বিদ্যুৎ খাতের সমস্যা এবং সম্ভাব্য সমাধান প্রতিবেদনে উল্লেখ করতে হবে;
- খ) ট্রান্সফরমার নষ্ট হবার কারণসমূহ উল্লেখ করতে হবে;
- গ) ট্রান্সফরমার এর ওয়ারেন্টি যাচাই এবং যুক্তিসংগত কারণে নষ্ট হলে রিপ্লেস করার সুপারিশকরণ;
- ঘ) National Load dispatch Centre- এর সমস্যা খুঁজে বের করে সমাধানের নির্দেশনা প্রদান;
- ঙ) ক্রয়কার্যক্রম সম্পাদনে ডকুমেন্টগুলোর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয়েছে কিনা সেটি তা যাচাইপূর্বক মন্তব্যকরণ;
- চ) পারফরমেন্স অডিটের দুর্বলতা কাটিয়ে ওঠার জন্য প্রয়োজনীয় সুপারিশকরণ;
- ছ) অন্তর্বর্তী প্রতিবেদনে জুলাই-আগস্ট ২০১৭ মাসে Under Frequency বেশি দেখানোর পরিপ্রেক্ষিতে পুনরায় তথ্যাবলি যাচাইকরণ;
- জ) গ্রীড সাব-স্টেশনগুলোতে Force Shutdown-এর কারণসমূহ প্রতিবেদনে উল্লেখকরণ;
- ঝ) পারফরমেন্স অডিটে ফিন্যান্সিয়াল বিষয়ের চেয়ে টেকনিক্যাল ও কমাশিয়াল বিষয়ের ওপর অধিক গুরুত্ব প্রদান;
- ঞ) পারফরমেন্স অডিটের ফলাফলের এর ওপর IIFC'র সুপারিশ ও মতামত প্রতিবেদনে উল্লেখকরণ;
- ট) পারফরমেন্স অডিটে PPA-2006 এবং PPR-2008 compliance-এর পাশাপাশি ক্রয়কৃত মালামালসমূহের গুণগত মান পরীক্ষাকরণ;
- ঠ) অনাদায়ী টাকা আদায়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত নীতিমালা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশকরণ;এবং
- ড) বিদ্যুৎ খাতের কারিগরি বিষয়ে সমস্যা চিহ্নিতকরণ এবং এর সম্ভাব্য সমাধান প্রতিবেদনে উল্লেখকরণ।

১৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



স্বাক্ষারিত/-

তারিখ-০৭/০৩/২০১৭


(রহমত উল্লাহ মোঃ দস্তগীর এনডিসি)

অতিরিক্ত সচিব

বিদ্যুৎ বিভাগ।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে);

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ ও জ্বালানি গবেষণা কাউন্সিল (বিইপিআরসি), বিদ্যুৎ ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/সমন্বয়) বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/কোম্পানি এ্যাফেয়ার্স/সমন্বয়/নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, পাওয়ার সেল, ১নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, জ্বালানি নিরীক্ষা সেল, ২৪ তোপখানা রোড, ৫ম তলা, ঢাকা-১০০০।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৭। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ২৪ তোপখানা রোড, ৫ম তলা, ঢাকা-১০০০।
- ৮। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্ট্রেডা), আইইবি ভবন, (লেভেল ১০ ও ১১), ৮/এ, রমনা, ঢাকা।
- ৯। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ডিপিডিসি), ১নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি: (ডেসকো), জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক (পিজিসিবি), রমনা, ঢাকা।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক (ইজিসিবি), কাওরান বাজার, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লি: (এপিএসসিএল), বি-বাড়ীয়া, আশুগঞ্জ।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানি লি: (আরপিসিএল), হাটজ নং-১৯, রোড নং-১/বি, সেক্টর নং-০৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
- ১৬। ব্যবস্থাপনা পরিচালক, নর্থওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লি: (নওপাজেকো), বিদ্যুৎ ভবন, ঢাকা।
- ১৭। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:, বয়রা, খুলনা।
- ১৮। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার কোম্পানি অব বাংলাদেশ লিঃ, শাহবাগ, ঢাকা।
- ১৯। প্রধান প্রকৌশলী, এনএলডিসি, পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লি: (পিজিসিবি), রমনা, ঢাকা।
- ২০। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, এসএনডি-১, কুমিল্লা।
- ২১। জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, সিলেট।
- ২২। ব্যবস্থাপনা পরিচালক, ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফেসিলিটেশন কোম্পানি লিঃ, রোড নং-২০, বাড়ি নং- ৪০/এ, (তৃতীয় তলা) নিউডিওএইচএস, মহাখালী, ঢাকা।


(ইয়াসমিন বেগম)
উপসচিব (বাজেট)
dsbudget@pd.gov.bd

অনুলিপিঃ

- ১। উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ, পত্রটি দপ্তর/সংস্থায় ই-মেইলযোগে প্রেরণের অনুরোধ করা হল।
- ৪। অতিঃ-সচিব (পরিচালনা ও নবায়নযোগ্য জ্বালানি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।